

সেপ্টেম্বর ২৮, ২০২১

মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫ তম জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা বার্তা

মাননীয় প্রধানমন্ত্রী,

আজ ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ আপনার ৭৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি) এর সকল সদস্যের পক্ষ হতে জানাই প্রাণঢালা শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন।


আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ, বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ পেশাজীবী সংস্থা। আপনার মহানুভবতায় ২০১০ সালের ১৬ই জুন মহান জাতীয় সংসদে, চার্টার্ড সেক্রেটারী পেশার উন্নয়ন বিকাশ ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে, চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ পাশের মধ্যে দিয়ে এই প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছে। আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোম্পানী সেক্রেটারী পেশার মানোন্নয়ন এবং দেশের ব্যবসা বাণিজ্য এবং অর্থনৈতিক ক্ষেত্রে যুগোপযোগী ধারণা এবং কৌশল প্রণয়নসহ, কর্পোরেট সেক্টরের স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠায় আইসিএসবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রী, আপনার দূরদর্শী নেতৃত্ব ও গতিশীল নীতিমালা পরিবর্তন করেছে বাংলাদেশের ১৭ কোটি মানুষের ভাগ্য ও জীবনযাত্রা। জাতিসংঘের সাধারণ পরিষদে দারিদ্র্য বিমোচনে আপনার প্রণীত ৬ দফা প্রস্তাবনা গৃহীত হয়েছে। সারাবিশ্বে বিভিন্ন রাষ্ট্র ও সংস্থা আপনার প্রণীত দারিদ্র্য বিমোচন নীতি অনুসরণ করে যাচ্ছে। আপনার দূরদর্শী নেতৃত্বে ভিশন-২০২১ এর লক্ষ্যমাত্রা অনেকাংশেই সাফল্যজনকভাবে অর্জিত হয়েছে।

আজকের এই মহান দিনে তাই আমরা কৃতজ্ঞ চিন্তে স্মরণ করতে চাই দেশ ও জাতির জন্য আপনার অসামান্য অবদান।

আপনার নেতৃত্বে অব্যাহত থাকুক বাংলাদেশের অগ্রযাত্রা, এই প্রত্যাশায় আপনার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।



মুজাফফর আহমেদ এফসিএমএ, এফসিএস
প্রেসিডেন্ট, আইসিএসবি